



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রাথমিক শিক্ষা অফিস  
খুলনা।

স্মারক নং - ৩৮.০১.৪৭০০.০০০.১১.০০২.২৩. ২০২০

তারিখ: ১০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

### বিজ্ঞপ্তি

খুলনা জেলার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের রাজস্বখাতভুক্ত “সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫” এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে নিম্নবর্ণিত নির্দেশাবলী ও সময়সূচি অনুযায়ী ২৫ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখ হতে জেলা প্রাথমিক শিক্ষা অফিস, খুলনায় অফিস চলাকালীন (সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত) সশরীরে উপস্থিত হয়ে নিম্নোক্ত কাগজপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবে :

০১) অনলাইনে আবেদনের আপলোডকৃত ছবি (রঙিন)

০২) আবেদনের কপি (রঙিন)

০৩) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ

০৪) জাতীয় পরিচয়পত্র

০৫) লিখিত পরীক্ষার প্রবেশপত্র (রঙিন)

০৬) কোটা সংক্রান্ত সনদপত্র:

ক) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরসঙ্গার সন্তানদের কোটায় আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার গেজেট ও মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক সনদের সত্যায়িত কপি;

খ) শারীরিক প্রতিবন্ধী (সুবর্ণ নাগরিক কার্ডধারী)

গ) তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সনদ;

ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং সিটি কর্পোরেশন এলাকা হলে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী পরিচিতি বিষয়ক সনদ;

০৭) শিক্ষাগত যোগ্যতার সনদ

০৮) অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র

সকল কাগজপত্র ন্যূনতম ৯ম ঘণ্টার গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে সংশ্লিষ্টদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রয়োজনীয় কাগজপত্রের ফটোকপি (সত্যায়িত) জমা প্রদানের সময় উক্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

মৌখিক পরীক্ষার সময় উপরে বর্ণিত সকল সনদপত্র, প্রাপ্তি স্বীকারপত্র ও অন্যান্য কাগজপত্রের মূলকপি প্রার্থীকে সঙ্গে আনতে হবে।

প্রাপ্তি স্বীকারপত্রের ক্রমানুসারে কাগজপত্র সাজিয়ে ০২ সেট কাগজপত্র অফিস রেকর্ড ফাইলে জমা দিতে হবে। প্রাপ্তি স্বীকারপত্র ০১ সেট কাগজ ফেরত নিতে হবে।

ফাইলের উপর প্রার্থীর উপজেলার নাম, নিজ নাম, রোল নম্বর ও কোটা (প্রয়োজ্য ক্ষেত্রে) লিখতে হবে।

মৌখিক পরীক্ষার তারিখ যথাশীঘ্র জেলা প্রাথমিক শিক্ষা অফিস, খুলনা এর ওয়েবসাইটে (www.dpe.khulna.gov.bd) /নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

**উপজেলাভিত্তিক কাগজপত্র গ্রহণের সময়সূচি :**

তারিখ	যে থানা/উপজেলার কাগজপত্র জমা নেওয়া হবে সে থানা/উপজেলার নাম
২৫.০১.২০২৬	দাকোপ, বটিয়াঘাটা, রূপসা, ফুলতলা, দিঘলিয়া, তেরখাদা
২৬.০১.২০২৬	কয়রা, খুলনা সদর
২৭.০১.২০২৬	ডুমুরিয়া, পাইকগাছা

শেখ আহিদুল আলম

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
খুলনা।

স্মারক নং - ৩৮.০১.৪৭০০.০০০.১১.০০২.২৩. ২০৬/৩

তারিখ :

২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
২৪ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, খুলনা।
- ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
- ৪। সংরক্ষণ নথি।

শেখ আহিদুল আলম

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার  
খুলনা।